দৈনিক বাংলা

তারিখ 05 OCT 1991

পৃষ্ঠা ১ কলাম ৪

116

# ক্যাম্পাসে উত্তেজনা কমেনি ঃ সন্ত্রাস বিরোধী মিছিল

।।বিশ্ববিদ্যালয়রিপোর্টার।।

সোমবার রাতে প্রচন্ড গোলাগুলির পর ঢাকা বিশ্ববিদ্যালয় গতকাল দৃশ্যতঃ শান্ত ছিল। কিন্তু বিবদমান দুটি ছাত্র সংগঠন জাতীয়তাবাদী ছাত্রদল ও ছাত্রলীগের (শা-অ) মধ্যে উত্তেজনা কমেনি।

সোমবার রাতে এই দুটি ছাত্র সংগঠনের সশস্ত্র কর্মীরা প্রায় ৬০/৭০ রাউন্ড গুলি বিনিময় করে। জহরুল হক হল ও সলিমুল্লাহ হল এবং সূর্যসেন হল, জসিমউদ্দীন হল ও

(৪-এর পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## ক্যাম্পাসে উত্তেজনা

(প্রথম পৃঃ পর)

জিয়াউর রহমান হল থেকে গুলি-বর্ষণের ঘটনা ঘটে। বিভিন্ন ছাত্র সংগঠন গতকাল ক্যাম্পাসে সন্ত্রাস বিরোধী মিছিল ও সমাবেশ করে।

জাতীয়তাবাদী ছাত্রদলের সমাবেশ অনুষ্ঠিত হয় ডাকসু ভবনের সামনে। নাজিমউদ্দীন আলম, হাবিব-উন-নবী সোহেল, আলী আকাস নাদিম প্রমুখ এই সমবেশে বক্তৃতা করেন।

ছাত্রলীগের (শা-অ) সমাবেশ অনুষ্ঠিত হয় মধুর ক্যান্টিনের সামনে। এতে বক্তৃতা করেন সংগঠনের সভাপতি শাহে আলম।

ডাকসু ভবনের সামনে অনুষ্ঠিত হয় গণতান্ত্রিক ছাত্র ঐক্যের সমাবেশ। বক্তৃতা করেন শফী আহমদ ও আবদুস সাত্তার খান।